

কলাস্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি. ৩.১

ভারতীয় সাহিত্যতত্ত্ব

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উভয়ের লেখে। প্রশ্নগুলি সমমানের।

- ১। রসসূত্রের আলোচনায় ভুক্তিবাদ এবং অভিব্যক্তিবাদ কোথায় আলাদা
সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

- ২। আট কিংবা নয়টি নয়, রস আসলে একটিই। অভিনবগুণের ভাষ্য মাথায়
রেখে এই মন্তব্যের তাৎপর্য কী বুঝিয়ে দাও এবং প্রসঙ্গক্রমে এ বিষয়ে
নিজের অবস্থান স্পষ্ট করো। ১০

- ৩। ক) অভিধা এবং লক্ষণার থেকে ব্যঞ্জনা কেন আলাদা তা উদাহরণসহ
বিশ্লেষণ করো। ৫

- খ) নীচের যেকোনো একটি রচনায় কী ধরনের ধ্বনি তুমি লক্ষ করছ
বুঝিয়ে দাও। ৫

অ) কানু অনুরাগে হৃদয় ভেল কাতর

রহই ন পারই গেহ।

গুরু-দুরঢ়জন-ভয় কিছু নাহি মানয়

চীর নহি সম্বৰু দেহ।।

দেখ দেখ অনুরাগৱীত।

[2]

ঘন আফিয়ার
ত্বুজগভয় শতশত
তবু নাহি মানয়ে ভীত ॥

- আ) নারী তার সঙ্গীকে: ‘পৃথিবীর পুরোনো পথের রেখা হয়ে যায় ক্ষয়,
জানি আমি; — তারপর আমাদের দুঃস্থ হৃদয়
কী নিয়ে থাকিবে বল ; — একদিন হৃদয়ে আঘাত দের দিয়েছে চেতনা,
তারপর ঝারে গেছে; আজ তবু মনে হয় যদি বারিত না
হৃদয়ে প্রেমের শীর্ষ আমাদের — প্রেমের অপূর্ব শিশু আরক্ষ বাসনা
ফুরোত না যদি, আহা, আমাদের হৃদয়ের থেকে—’
এই বলে খ্রিয়মান আঁচলের সর্বস্বত্ব দিয়ে মুখ ঢেকে
উদ্বেল কাশের বনে দাঁড়িয়ে রহিল হাঁটুভর !
হলুদ রঙের শাড়ি, চোরকাঁটা বিঁধে আছে, এলোমেলো অঞ্চাগের খড়
চারিদিকে শূন্য থেকে ভেসে এসে ছুঁয়ে ছেনে যেতেছে শরীর ।

অথবা

- ৪। আনন্দবর্ধনের ‘ধৰন্যালোক’ বইতে ধৰনির যে বিবিধ প্রকার উপস্থাপিত
হয়েছে তার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও ।
- ৫। ‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধে রবীন্দ্রনাথ সাহিত্য সৃষ্টির প্রক্রিয়াকে প্রধানত
তিনটি স্তরে ভাগ করে বুঝাতে চেয়েছেন । তোমার নিজস্ব মতামতসহ
এই তিন স্তরের পারস্পরিক সম্পর্ক বুঝিয়ে দাও ।

অথবা

- ৬। ইংরেজিতে যাকে real বলে, বাংলায় তাকে বলি যথার্থ, অথবা সার্থক’,
এই বাক্যটি সামনে রেখে রবীন্দ্রনাথ ‘realism’-এর সঙ্গে তর্ক শুরু করেন
তাঁর ‘সাহিত্যধর্ম’ প্রবন্ধে । সেই তর্কে রবীন্দ্রনাথের যুক্তি বিবৃত করে সে
বিষয়ে তোমার মতামত বুঝিয়ে লেখো ।

[3]

৭। শিল্পের ষড়ঙ্গ বলতে অবনীন্দ্রনাথ কী বুঝিয়েছেন ? ‘ভারতশিল্পের ষড়ঙ্গ’
অনুসারে আলোচনা করো ।

অথবা

- ৮। টীকা লেখো : (যে কোনো দুটি) $5+5=10$
- ক) অবনীন্দ্রনাথের সুন্দর - অসুন্দর ভাবনা
 - খ) শিল্পে অনধিকার
 - গ) শিল্প ভাষা
 - ঘ) শিল্প দৃষ্টি